দৈনিক বাংলা

তারিখ ... 26 FEB 1995 ...
পৃষ্ঠা ১১ কলাম ৬ ...

04

# আনসারদের মেধাবী ছেলে মেয়েদের জন্য বৃত্তি

প্রধানমন্ত্রীর বৃত্তি তহবিল থেকে অঙ্গীভূত আনসারদের মেধাবী ছেলেমেয়েদের বৃত্তি প্রদানের জন্য আনসার ও ভিডিপি সদর দফতর দরখাস্ত আহবান করেছে।

অঙ্গীভূত আনসারদের যে সব ছেলেমেয়ে গত ১৯৯৪ সালের এসএসসি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে, তারা এই বৃত্তি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

বৃত্তির পরিমাণ এককালীন এক হাজার টাকা। যেসব অঙ্গীভূত আনসার-এর ছেলেমেয়ে গত ১৯৯৪ সালের এসএসসি পরীক্ষায় প্রথম বিভাগে পাস করেছে তাদের প্রাপ্ত নম্বর পত্রের সত্যায়িত অনুলিপিসহ সাদা কাগজে আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক, (প্রশাসন) আসনার ও ভিডিপি অধিদফতর খিলগাঁও, ঢাকা ঠিকানায় পৌঁছাতে বলা হয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।